

## বেসরকারি ভেটেরিনারি হাসপাতাল স্থাপনের হালনাগাদ শর্তাবলী

### ১. জমি ও অবস্থান

ক. জমির পরিমাণ: ছোট ও বড় প্রাণীর জন্য ন্যূনতম ১৫ শতাংশ জমি এবং পোষা প্রাণী ও পোল্ট্রীর জন্য ন্যূনতম ৫ (পাঁচ) শতাংশ জমি বা সমপরিমাণ ফ্লোর স্পেস (Floor Space) থাকতে হবে।

খ. অবস্থান: প্রধান সড়কের ধারে বা সহজ যোগাযোগযোগ্য স্থানে হতে হবে।

গ. হাসপাতাল এলাকার চারপাশে নিরাপদ সীমানা প্রাচীর ও প্রবেশদ্বার থাকতে হবে।

### ২. অবকাঠামো ও সুবিধা

ক. ভবনটি বায়ুচলাচলসমৃদ্ধ, আলোকসম্পাত উপযোগী ও স্যানিটেশন সুবিধাসহ হতে হবে।

খ. নিম্নলিখিত কক্ষ ও সুবিধাসমূহ থাকতে হবেঃ

- অফিস কক্ষ – ১টি (কমপক্ষে)

- চিকিৎসক কক্ষ – ১টি (কমপক্ষে)

- ঔষধ সংরক্ষণ ও বিতরণ কক্ষ – ১টি

- অস্ত্রোপচার কক্ষ – ১টি (সম্পূর্ণ জীবাণুমুক্ত ব্যবস্থা সহ কমপক্ষে)

- অস্ত্রোপচার-পরবর্তী পরিচর্যা কক্ষ – ১টি

- ইনডোর রোগী রাখার কক্ষ বা পশু ওয়ার্ড – উপযুক্ত ধারণক্ষমতা অনুযায়ী

- অপেক্ষমাণ কক্ষ (Waiting Room)– পশু মালিকদের বসার উপযোগী আসন ব্যবস্থা সহ

গ. ডিজিটাল রেকর্ড ব্যবস্থাপনা ও অনলাইন অ্যাপয়েন্টমেন্ট ব্যবস্থা, ২৪ ঘন্টা জরুরি সেবা প্রদান ব্যবস্থা এবং প্রাণী কল্যাণ ও জনসচেতনতা বৃদ্ধির জন্য তথ্য বোর্ড/প্রচার উপকরণ বিতরণ অগ্রাধিকার যোগ্য

ঘ. পর্যাপ্ত পানি সরবরাহ, বিদ্যুৎ, বর্জ্য নিষ্কাশন ও জীবাণুনাশক ব্যবস্থাপনা থাকতে হবে।

ঙ. হাসপাতালের আশেপাশে পরিচ্ছন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

### ৩. চিকিৎসা ও ডায়াগনস্টিক সুবিধা

ক. জরুরি চিকিৎসার জন্য জীবনরক্ষাকারী ঔষধ এমন পরিমাণে থাকতে হবে যাতে ন্যূনতম ৫০টি প্রাণীর জরুরি চিকিৎসা প্রদান করা যায়।

খ. অস্ত্রোপচারের জন্য প্রয়োজনীয় সার্জিক্যাল যন্ত্রপাতি, স্টেরিলাইজার ও অটোক্লভ থাকতে হবে।

গ. প্রাথমিক ল্যাবরেটরি সুবিধা যেমন—মাইক্রোস্কোপ, রক্ত, মল ও মূত্র পরীক্ষা করার যন্ত্র, ইমেজিং যন্ত্র এবং এসব যন্ত্র পরিচালনায় প্রয়োজনীয় প্রশিক্ষিত জনবল থাকতে হবে।

### ৪. জনবল কাঠামো ও ব্যবস্থাপনা

ক. নিবন্ধিত ভেটেরিনারিয়ান (বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলে নিবন্ধিত) – কমপক্ষে ১ জন।

খ. ভেটেরিনারি কম্পাউন্ডার/প্যারা-ভেট – কমপক্ষে ১ জন।

গ. প্রাণী পরিচর্যাকারী (Animal Attendant) – ১ জন বা প্রয়োজন অনুযায়ী।

ঘ. রিসেপশন ও পরিচ্ছন্নতাকর্মী – প্রয়োজন অনুসারে নিয়োগযোগ্য।

ঙ. ল্যাবরেটরি টেকনিশিয়ান/অ্যাসিস্ট্যান্ট – অন্তত ১ জন, যিনি প্রশিক্ষিত ও দক্ষ।

চ. জনবল ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রমের জন্য একটি স্বতন্ত্র বিভাগ (Human Resource/Administrative Section) থাকতে হবে, যা সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সহিত যোগাযোগ রক্ষা করা, কর্মী নিয়োগ, প্রশিক্ষণ, নিরাপত্তা, সংশ্লিষ্ট দপ্তরে মাসিক রোগ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ, কর্মপরিবেশ তদারক, ইত্যাদি করবে।

### ৫. প্রাণী আবাসন, নিরাপত্তা ও নিয়ন্ত্রণ ব্যবস্থা

- ক. ছোট ও বড় প্রাণীর জন্য পৃথক খাঁচা বা স্টল থাকতে হবে।
- খ. প্রাণীকে মানসিক চাপ ও আঘাত থেকে রক্ষা করার উপযোগী আবাসন নিশ্চিত করতে হবে।
- গ. ইনডোর প্রাণীর জন্য পর্যাপ্ত আলো-বাতাস, পানীয় জল ও খাদ্য সরবরাহের ব্যবস্থা থাকতে হবে।
- ঘ. সকল প্রকার প্রাণীর জন্য নিয়ন্ত্রণ সরঞ্জাম (ট্রাভিস, খাঁচা, ক্যাচ পোল, ই-কলার, হুক ইত্যাদি) থাকতে হবে।

#### ৬. বর্জ্য ও বায়োসেফটি ব্যবস্থাপনা

- ক. হাসপাতালের চিকিৎসাজনিত বর্জ্য, মৃত প্রাণী ও অন্যান্য বর্জ্য নিষ্পত্তির জন্য নির্ধারিত নিরাপদ ব্যবস্থা থাকতে হবে।
- খ. হাসপাতাল বায়োমেডিক্যাল ও সাধারণ বর্জ্য ব্যবস্থাপনায় অনুমোদিত ভেন্ডর বা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হতে পারবে।
- গ. সংক্রামক রোগ নির্ণয় বা চিকিৎসায় ব্যবহৃত যন্ত্র ও পোশাক জীবাণুমুক্ত করার নিয়ম মেনে চলতে হবে।
- ঘ. হাসপাতালের ভেতরে ও বাইরে বায়োসিকিউরিটি নির্দেশিকা প্রদর্শিত থাকতে হবে।

#### ৭. প্রয়োজনীয় অনুমোদনপত্র ও নথিপত্র

- ক. সংশ্লিষ্ট স্থানীয় সরকার কর্তৃক ইস্যুকৃত ট্রেড লাইসেন্স।
- খ. হাসপাতাল পরিচালনার জন্য অপারেশনাল ম্যানুয়াল (Operational Manual)।
- গ. সর্বশেষ আয়কর সনদ (Updated Income Tax Certificate)
- ঘ. পরিবেশ অধিদপ্তর (Department of Environment) কর্তৃক ইস্যুকৃত নো অবজেকশন সার্টিফিকেট (NOC)।
- ঙ. ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (Bank Solvency Certificate), যা আর্থিক স্থিতিশীলতা ও সক্ষমতা প্রমাণ করে।
- চ. মাসিক রোগ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণের (সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ দপ্তরে) অঙ্গীকারপত্র।
- ছ. হাসপাতালের নকশা/লেআউট পরিকল্পনা।
- জ. হাসপাতালের **অর্গানোগ্রাম (Organogram)** থাকতে হবে, যেখানে দায়িত্ব ও কর্তব্য বণ্টন স্পষ্টভাবে দেখানো থাকবে।
- ঝ. জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
- ঞ. হাসপাতালের বায়োমেডিক্যাল ও সাধারণ বর্জ্য ব্যবস্থাপনার জন্য অনুমোদিত ভেন্ডর বা কোম্পানির সাথে চুক্তিবদ্ধ হওয়ার চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ট. হাসপাতালের জমি/ফ্লোর স্পেস সম্পর্কিত দলিলাদি/চুক্তিপত্র।